যায়যায়দিন

তারিখ ... 2006
পৃষ্ঠা ... কলাম ...

## শাবি ভিসির অপসারণ দাবি

# প্রগতিশীল শিক্ষক ও ছাত্র সংগ্রাম পরিষদের আন্দোলন জোরদার

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি ডক্টর মোসলেহ উদ্দিন আহমদের অপসারণ দাবিতে প্রগতিশীল শিক্ষকরা গতকাল সোমবার দিনভর ভিসির কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করেছেন। একই দাবিতে ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল নগরীর মদিনা মার্কেট এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের চলমান অচলাবস্থা নিরসন ও শামীম হত্যার বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা আজ মঙ্গলবার থেকে ঢাকায় আন্দোলন শুরু করবে বলে জানা গেছে।

'ডক্টর মোসলেহ উদ্দিনকে সরাও, বিশ্ববিদ্যালয় বাঁচাও'-এ স্লোগানকে সামনে রেখে বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষকরা গতকাল সকাল সাড়ে ৯টা থেকে বিকাল সাড়ে ৫টা পর্যন্ত ভিসির কার্যালয়ের সামনে দিনব্যাপী অবস্থান ধর্মঘট করেন। অবস্থান ধর্মঘটের সময় কয়েকজন প্রগতিশীল শিক্ষক যায়যায়দিনকে বলেন, ছাত্রছাত্রীদের কথা ভেবে প্রফেসর মোসলেহ উদ্দিন আহমেদের এখনই চলে যাওয়া উচিত। প্রগতিশীল শিক্ষকদের আহ্বায়ক ডক্টর মোঃ আখতারুল ইসলাম জানান, ভিসির অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। এদিকে ভিসির অপসারণের দাবিতে ছাত্র সংগ্রাম পরিষদ সকাল সাড়ে ১০টায় নগরীর মদিনা মার্কেট এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশে বক্তারা বলে, ভিসির অপসারণ না হওয়া পর্যন্ত ধর্মঘট চলবে।

উল্লেখ্য, গত চার মাস ধরে সিলেটের শাহজালাল বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা বিরাজ করছে। এ অচলাবস্থা নিরসন ও শামী হত্যার বিচারের দাবিতে সাধা ছাত্রছাত্রীদের আজ মঙ্গলবার থে রাজধানীতে আন্দোলন শুরুর কথা রয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে সক ১০টায় শাহজালাল বিশ্ববিদ্যাল ছাত্রছাত্রীরা মিলিত হয়ে আন্দোল পরবর্তী কর্মসূচি ঘোষণা করবে বলে সাধা ছাত্রছাত্রীদের একটি সূত্র জানিয়েছে।